

# ক্লাসে কারা ভাল রেজাল্ট করল

জুন মাসের ত্রৈমাসিক ফলাফল ইতিমধ্যেই চলে এসেছে। কর্পোরেট জগতের বহু খেলোয়াড় তাদের রেজাল্ট হাতে পেয়েছে। ক্লাসের 'ফাস্ট বয়', 'সেকেন্ড বয়' বিচার করাটা এখন কঠিন।

কেন না এখনও রেজাল্টের মরশুম শেষ হয়নি। যারা তুলনামূলক ভাল ফলাফল করেছে তাদের চিনিয়ে দেওয়া হয়েছে। এদের মধ্যে অনেকের নাম হয়তো চেনা, আবার অনেকের অচেনা। তালিকার শুরুতে বেশ কয়েকটি চেনা নাম দিয়ে শুরু হচ্ছে। যেমন JSW Steel কোম্পানির বিক্রিতে বিশেষ গ্রোথ না থাকলেও মুনাফায় যে গ্রোথটা দেখছেন, তা অপারেশনাল মুনাফা বৃদ্ধির জন্যই সম্ভব হয়েছে। আন্তর্জাতিক বাজারে চাহিদা বৃদ্ধি ও তেলের দাম কমায় বিশেষ উপকৃত হয়েছে। এ ছাড়াও থাকছে প্রাইভেট ব্যাঙ্কিং। এর অন্যতম নাম Kotak Mahindra। যারা গতবারে ১৮৯ কোটি টাকার মুনাফা বৃদ্ধি করে করেছে ৭৪১ কোটি টাকা। মূলত ইন্টারেস্ট

কাম ইনকাম বৃদ্ধি পেয়েছে। নন-পারফর্মিং অ্যাসেট নিয়ন্ত্রণে রেখেছে। সব মিলিয়ে ব্যবসাটি ঠিকঠাক করেছে।

অপরদিকে মাইক্রো ফিন্যান্স কোম্পানিগুলির দিকে যদি তাকানো যায় তা হলে তালিকায় পাবেন—Bharat Finance, Ujjivan-এর মতো কোম্পানি। যাদের শেয়ারের দাম নিয়ে নতুন করে কিছু বলার নেই। আপনারা জানেন, এই ভাল ফলাফলের প্রতিফলন কতটা পড়েছে। শুধুমাত্র ভাল ফলাফল করতে পারে বলে ৯০ টাকার Pricol কয়েক মাসে ১২০ টাকা। কারণটা তালিকা দেখলেই বুঝতে পারবেন। গতবার ১.৬৪ কোটি টাকার মুনাফা বৃদ্ধি হয়ে এবার হয়েছে ২২ কোটি টাকা।

এই ধরনের আরও কোম্পানিকে পরিচয় করিয়ে দেওয়া হল। লগ্নিকারীরা ফলাফলের বিচারে আগামিদিনে লগ্নির জন্য সঠিক শেয়ারটি বাছতে পারবেন।

## Best Performers (June 2016)

Company name	Sales (Rs crore)			Net Profit (Rs crore)		
	Jun-16	Jun-15	%Chg	Jun-16	Jun-15	%Chg
JSW Steel	11,907.90	11,066.90	8	1,082.41	113.1	857.04
Kotak Mahindra	4,386.85	3,991.43	10	741.97	189.78	290.96
United Spirits	2,027.33	1,848.72	10	43.8	11.61	277.26
KEC Intl	1,507.34	1,376.82	9	29.72	8.64	243.98
Bharti Infratel	1,453.10	1,387.50	5	1,476.90	337.6	337.47
Heidelberg Cem	461.81	431.83	7	26.26	3.35	683.88
Bharat Fin	334.12	217.3	54	235.91	61.16	285.76
Ujjivan Financi	321.68	207.85	55	71.37	35.24	102.51
Pricol	306.75	217.46	41	22.18	1.64	999
Kirloskar Ferro	299.66	302.88	-1	37.69	15.32	146.02
Tata Metaliks	243.45	229.12	6	22.42	6.82	228.74
Rico Auto	241.58	209.52	15	14.07	5.14	173.74
Praj Industries	172.82	145.33	19	8.28	2.17	281.57
Ingersoll Rand	149.31	140.64	6	15.77	7.71	104.54
Rane Brake	121.3	103.53	17	10.49	4.82	117.63
Kirloskar Pneum	118.55	97.64	21	9.49	3.06	210.13
Elecon Eng	110.67	96.35	15	9.77	3.57	173.95
Shree Digvijay	103.76	92.4	12	8.48	1.09	677.98
RPG Life	85.23	66.5	28	9.87	2.14	361.21
Kushal Trade	83.96	70.56	19	38.59	1.12	999
Tanla Solutions	83.52	72.2	16	6.43	1.05	511.55
Rushil Decor	73.39	69.74	5	4.52	2.07	118.38
Veto Switch	31.63	20.81	52	2.96	1.13	163.38
Chemfab Alkalie	30.36	22.92	32	6.19	1.57	294.27